

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৯৪

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো স্বীয় প্রভুর ইবাদতে নিজেকে নিয়োজিত করা

ذَكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنَ التفرُّغِ لِعُبَادَةِ الْمَوْلَى جَلَّ وَعَلَا فِي أَسْبَابِهِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ سَعِيدِ السَّعْدِيُّ قَالَ: حَدَّثَنَا عَلِيٌّ بْنُ خَشْرَم قَالَ: أَخْبَرَنَا عِيسَى بْنُ يُونُسَ عَنْ عِمْرَانَ بْن زَائِدَةَ بْن نَشِيطٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي خَالِد الْوَالِبِيّ عَنْ أَبي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسِلَّمَ قَالَ: (إِنَّ اللَّهَ جَلَّ وَعَلَا يَقُولُ: يَا ابْنَ آدَمَ تَفَرَّغْ لِعِبَادَتِي أَمْلاً صَدْرَكَ غِنِّي وَأَسُدَّ فَقْرَكَ وَإِنْ لَا تَفْعَلْ مَلَأْتُ يَدَكَ شُغْلًا وَلَمْ أَسُدَّ فَقْرَكَ.) الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 394 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৩৯৪, আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম থেকে বর্ণনা করেছেন, তিনি বলেছেন: "নিশ্চয়ই মহান আল্লাহ বলেছেন: "হে আদম সন্তান, তুমি আমার ইবাদতে মনোনিবেশ করো, আমি তোমার অন্তরকে প্রাচুর্যতা দিয়ে ভরে দিবো, তোমার অভাব দূর করে দিবো। আর যদি এমনটা না করো, তবে আমি তোমার হাতকে ব্যস্ততা দিয়ে ভরে দিবো কিন্তু তোমার অভাব দূর করবো না।"[1]

## ফুটনোট

[1] তিরমিযী: ২৪৬৬; মুসনাদ আহমাদ: ২/৩৫৮; ইবনু মাজাহ: ৪১০৭; হাকিম: ২/৪৪৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৩৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন